

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজারহাট,
কুড়িগ্রাম



www.doict.rajahat.kurigram.gov.bd

রাজারহাট উপজেলার আইসিটি কমিটির সেপ্টেম্বর/২০২২ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	নূরে তাসনিম উপজেলা নির্বাহী অফিসার
সভার তারিখ	২২ সেপ্টেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ
সভার সময়	সকাল ১০.২০ ঘটিকা
স্থান	উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট- 'ক' দ্রষ্টব্য

সভাপতি সভার শুরুতেই উপজেলা আইসিটি কমিটির সম্মানিত উপদেষ্টা, উপজেলা পরিষদের চেয়ারম্যানসহ উপস্থিত সকল অতিথিকে স্বাগত জানান। বক্তব্যের শুরুতেই তিনি আইসিটি কমিটির উপদেষ্টা ও উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়কে স্বাগত বক্তব্য দিয়ে সভার কার্যক্রমের শুভ উদ্বোধন ঘোষণা করতে অনুরোধ জানান।

০২। উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান মহোদয় তাঁর স্বাগত বক্তব্যে বলেন বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়তে ও প্রধান মন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার ভিশন ২০৪১ বাস্তবায়নের মাধ্যমে দেশকে উন্নত, সমৃদ্ধ, সোনার বাংলা গড়তে চাইলে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির উন্নতি ও ব্যবহার নিশ্চিত করণের কোন বিকল্প নেই। তিনি উপজেলা আইসিটি কর্মকর্তার নিকট আইসিটি বিষয়ক সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম গ্রহণ, নতুন নতুন আইসিটি সেবা চালু করার আহ্বান জানান এবং এই ধারা অব্যাহত রেখে ভিশন ২০৪১ বাস্তবায়নের আশা ব্যক্ত করেন।

০৩। অতঃপর অধ্যকার সভার সভাপতি ও উপজেলা আইসিটি কমিটির সভাপতি জনাব নূরে তাসনিম এর পরিচালনা ও উপজেলা আইসিটি কমিটির সদস্য সচিব জনাব মোঃ তৌহিদুল ইসলাম, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর সঞ্চালনায় সভার কার্যক্রম শুরু হয়।

সভায় সম্মানিত সদস্যদের সক্রিয় অংশগ্রহণে আলোচনা এবং সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত/বিবরণ	বাস্তবায়নকারী ব্যক্তি/ কর্তৃপক্ষ
------	--------------	--------------------------	-----------------------------------

০১	শেখ রাসেল দিবসের অনলাইন কুইজ	<p>গ্রুপ ক(৮-১২ বছর), গ্রুপ খ(১৩-১৮ বছর)</p> <p>নিবন্ধন: ২৮ আগস্ট থেকে ২৭ সেপ্টেম্বর, ২০২২, রাত ১২টা পর্যন্ত অনলাইনে (quiz.sheikhrussel.gov.bd) নিবন্ধন করা যাবে।</p> <p>পরীক্ষাঃ গ্রুপ-কঃ ৩০ সেপ্টেম্বর ২০২২, সন্ধ্যা ৭টা থেকে ৮টার মধ্যে যে কোনো ১০ মিনিট।</p> <p>গ্রুপ খঃ ০১ অক্টোবর ২০২২, সন্ধ্যা ৭টা থেকে ৮টার মধ্যে যে কোনো ১০ মিনিট।</p> <p>পুরস্কার: গ্রুপ কঃ ৫টি ল্যাপটপ (কোর আই ৭, ১১ জেনারেশন)</p> <p>গ্রুপ খঃ ৫টি ল্যাপটপ (কোর আই ৭, ১১ জেনারেশন)</p> <p>নিয়মাবলি:</p> <ul style="list-style-type: none"> ● কুইজ প্রতিযোগিতাটি শুধু ৮ থেকে ১৮ বছর বয়সীদের জন্য উন্মুক্ত। ● একজন প্রতিযোগী একবারই অংশগ্রহণ করতে পারবেন। ● প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য বরাদ্দকৃত সময় ১০ মিনিট। ● সকল প্রশ্নের মান সমান। ভুল উত্তরের জন্য কোনো নম্বর কাটা যাবে না। ● সকল প্রশ্নের উত্তরের জন্য চারটি বিকল্প থেকে একটি সঠিক উত্তর বাছাই করতে হবে (এমসিকিউ)। ● কম সময়ে সর্বোচ্চ সংখ্যক উত্তরদাতা থেকে বিজয়ী নির্বাচন করা হবে। ● চূড়ান্ত বিজয়ীদের ক্ষেত্রে বয়স যাচাই সাপেক্ষে পুরস্কার প্রদান করা হবে। ● ভুল/মিথ্যা তথ্য দিয়ে অংশগ্রহণ করলে তাকে প্রতিযোগিতা থেকে বাতিল বলে গণ্য করা হবে। <p>সমন্বিত সকলকে অবহিত করা হয় এবং রেজিস্ট্রেশন ও পরিক্ষায় অংশগ্রহণের জন্য সকলে সর্বাত্মক সহযোগিতা করবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	উপস্থিত সকল
০২	SRDL	<p>প্রতি মাসে শেখ রাসেল ল্যাব ভিজিটের অংশ হিসেবে চলতি মাসে সোনালুর কুটি উচ্চ বিদ্যালয় ও আদর্শ মহিলা কলেজে অবস্থিত শেখ রাসেল ল্যাব ভিজিট করে ল্যাব গুলোকে সচল করতে ও এর কার্যকারিতা নিশ্চিত করন সহ ল্যাবের মালামাল সংরক্ষনে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়।</p>	সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান ও সহকারী প্রোগ্রামার
০৩	ওয়েব পোর্টাল	<p>১) সেবা সহজীকরণে ওয়েব পোর্টাল হালনাগাদের কোন বিকল্প নেই বলে সবাই বিশ্বাস। সকল নোটিশ, সভার কার্যবিবরণী, বিভিন্ন দিবসের সময়সূচী ইত্যাদি ওয়েব পোর্টালে দেওয়া হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>২) জাতীয় তথ্য বাতায়নকে সমৃদ্ধ ও হালনাগাদ করতে উপজেলার সকল সরকারি দপ্তর ও ইউনিয়ন পরিষদ এর সংশ্লিষ্ট সবাইকে সর্বোচ্চ আন্তরিক হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>৩) পোর্টালকে বাংলা ও ইংরেজিতে সমৃদ্ধ করতে হবে, যাতে জাতীয় ও আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশ ভাল র্যাঙ্কিং পায়।</p> <p>৪) উপজেলা নির্বাহী অফিসারের নির্দেশনা মোতাবেক সকল ইউনিয়নের সচিব ও উদ্যোক্তাদের নিয়ে ইউনিয়নের পোর্টাল হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	সহকারী প্রোগ্রামার ও সংশ্লিষ্ট দপ্তর

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



নুরে তাসনিম

উপজেলা নির্বাহী অফিসার

১১. জাশ্বিন ১০২২

স্মারক নম্বর: ০০.০০.০০০০.০০০.০৬.০০১.১৯.৯

তারিখ: ২৮ আশ্বিন ১৪২৯

০৩ অক্টোবর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
- ২) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কুড়িগ্রাম
- ৩) সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (রুটিন দায়িত্ব), প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কুড়িগ্রাম
- ৪) সহকারী প্রোগ্রামার, কুড়িগ্রাম



মোঃ তৌহিদুল ইসলাম

সহকারী প্রোগ্রামার